

পত্র নং- ৩৩.০২.৬১০০.৪০০.৪৫.০৭৩.১৮.৭৫৪

তারিখ-০৫/১১/১৯

অফিস আদেশ

লক্ষ করা যাচ্ছে যে, অত্র জেলাধীন বিভিন্ন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/ খামার ব্যবস্থাপকগণ নিম্নস্বাক্ষরকারীর অনুমতি ব্যতীত উর্ধ্বতন কর্তৃপক্ষের দপ্তরে ঘুরাফিরা করেন।

২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক উপজেলা পর্যায়ের কর্মকর্তাকে রাজস্ব/ প্রকল্পের প্রশিক্ষণে প্রশিক্ষক/প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা হলে নিম্নস্বাক্ষরকারীর অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ করে নির্ধারিত প্রশিক্ষণে প্রশিক্ষক/প্রশিক্ষণার্থী হিসেবে যোগদান করেন।

৩। বিভিন্ন ক্যাটাগরীর হ্যাচারি নিবন্ধন/ নবায়নের প্রস্তাবে হ্যাচারি মালিকের নির্ধারিত ফরমে আবেদন, উৎপাদন পরিকল্পনা, বুড উন্নয়ন পরিকল্পনা, হাল সনের মূল ট্রেড লাইসেন্স ব্যতীত, সত্যায়িত ছাড়া ফটোকপি, হালনাগাদ আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ দাখিল করা হয় না।

৪। বিভিন্ন ক্যাটাগরির মৎস্যখাদ্য এবং হ্যাচারির লাইসেন্স প্রদান ও নবায়নের প্রস্তাবে লাইসেন্স প্রদান ও নবায়নের জন্য সুপারিশ বা পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হয় না।

৫। ভ্রমনভাতা বিল দাখিলের ক্ষেত্রে অনুমোদিত অগ্রীম ভ্রমনসূচী/ প্রয়োজনে অনুমোদিত অগ্রীম ভ্রমনসূচীর আলোকে সংশোধিত ভ্রমনসূচী ও অগ্রগামী পত্র (forwarding) ব্যতীত বিল দাখিল করা হয়।

বর্ণিত বিষয়াদির ক্রমিক নং ০১ হতে ০২ এর ক্ষেত্রে নিম্নস্বাক্ষরকারীর পূর্বানুমতি গ্রহণ এবং ক্রমিক নং ০৩ হতে ০৫ এর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সুপারিশসহ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ আবদুর রউফ)

জেলা মৎস্য কর্মকর্তা

ময়মনসিংহ।

ফোন- ০৯১৬৬৭৪৮

ই-মেইল- dfomymensingh@fisheries.gov.bd

তারিখ-০৫/১১/১৯

পত্র নং- ৩৩.০২.৬১০০.৪০০.৪৫.০৭৩.১৮/১(৭৫৪)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর/মুক্তাগাছা/ফুলবাড়ীয়া/ভালুকা/ত্রিশাল/গৌরীপুর/ঈশ্বরগঞ্জ/গফরগাঁও/নান্দাইল/ফুলপুর।

৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, ধোবাউড়া/হালুয়াঘাট/তারাকান্দা।

৪। খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, মাসকান্দা/শঙ্কুগঞ্জ/ত্রিশাল/ফুলপুর/গৌরীপুর/ঈশ্বরগঞ্জ/নান্দাইল।

৫। দপ্তর নথি।

স্বাক্ষরিত

জেলা মৎস্য কর্মকর্তা

ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ময়মনসিংহ।
www.fisheries.mymensingh.gov.bd

পত্র নং- ৩৩.০২.৬১০০.৪০০.

তারিখ-

- ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর/মুন্সিগাছা/ফুলবাড়ীয়া/ভালুকা/ত্রিশাল/গৌরীপুর/ঈশ্বরগঞ্জ/গফরগাঁও/নান্দাইল/ফুলপুর।
- ২। উপজেলা মৎস্য কর্মকর্তা, ধোবাউড়া/হালুয়াঘাট/তারাকান্দা।
- ৩। খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, মাসকান্দা/শঙ্কুগঞ্জ/ত্রিশাল/ফুলপুর/গৌরীপুর/ঈশ্বরগঞ্জ/নান্দাইল।

বিষয় :- মাঠ পর্যায়ে কর্মরত সরকারি কর্মকর্তাগণের সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান প্রসঙ্গে।

সূত্র :- মন্ত্রিপরিষদ বিভাগের ১৭/০৫/২০০৩ খ্রিঃ তারিখের মপবি/মাপ্রস/২(১৪৪)/২০০৩/৬৭ নং স্বারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে নিয়োগকৃত সরকারি কর্মকর্তাগণের সার্বক্ষণিকভাবে কর্মস্থলে (duty station) অবস্থান করা বাধ্যতামূলক।

এমতাবস্থায়, অত্র জেলায় কর্মরত সকল কর্মকর্তাগণকে সার্বক্ষণিকভাবে স্ব স্ব কর্মস্থলে (duty station) অবস্থান করতঃ দাপ্তরিক দায়িত্ব সম্পাদন করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আবদুর রউফ)

জেলা মৎস্য কর্মকর্তা

ময়মনসিংহ।

ফোন- ০৯১৬৬৭৪৮

ই-মেইল-

dfomymensingh@fisheries.gov.bd

তারিখ-

পত্র নং- ৩৩.০২.৬১০০.৪০০.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

২। দপ্তর নথি।

জেলা মৎস্য কর্মকর্তা

ময়মনসিংহ।

C:\Users\user\Desktop\duty order.docx